

### omeca-র কোচিং পদ্ধতি

#### বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (BUET) ভর্তি কোচিং

V কাদের জন্য কোচিং : যারা ২০১০ সালে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ থেকে অধ্যয়ন করেছে এবং ভবিষ্যতে ইঞ্জিনিয়ার/অর্কিটেক্ট হতে চাও তাদের জন্যই এই কোচিং।

V কোচিং সিস্টেম : BUET ভর্তি পরীক্ষায় ৪ (চার)টি বিষয়ের উপর প্রশ্ন হয়ে থাকে। সেগুলো হলো- পদার্থ, রসায়ন, গণিত ও ইংরেজি। ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র আবার দুই ধরনের হয়ে থাকে, প্রত্যেক বিষয়ের ৫০% M.C.Q (নৈব্যক্তিক) এবং ৫০% Written (লিখিত)। ফলে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে প্রতিটি বিষয়ের উপর ভালো ধারণা রাখতে হয়। omeca-তে এই চারটি বিষয়ের উপর ৩০ (ত্রিশ)টি ক্লাস নেওয়া হবে। প্রতি সপ্তাহে প্রত্যেক বিষয়ের উপর একটি করে মোট ৩(তিন)টি ক্লাস নেওয়া হবে। প্রত্যেক ক্লাসে আগের ক্লাসের লেকচারের উপর পরীক্ষা নেওয়া হবে। এছাড়াও তিনটি বিষয়ের উপর সপ্তাহে একটি Combined পরীক্ষা হবে এবং প্রত্যেক ক্লাসে একটি করে Assignment দেওয়া হবে, যা পরবর্তী ক্লাসে সমাধানপূর্বক জমা দিতে হবে।

আমরা আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি যে, ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বর ভর্তি পরীক্ষায় ভালো করার জন্য অপরিহার্য। কিন্তু ইংরেজি বিষয়টি স্বল্প সময়ের মধ্যে আয়ত্তে এনে পরীক্ষায় ভালো করা অসম্ভব। তাই আমরা ইংরেজি বিষয়টি কোচিং এর সম্পূর্ণ পরিধিতেই বিন্যস্ত করেছি যাতে প্রতিদিনই অল্প অল্প ইংরেজি চর্চার মাধ্যমে ভর্তি পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন হয়ে যায়। তাই শুরু থেকে শেষ পর্যন্ত সকল সাপ্তাহিক পরীক্ষার প্রলেই ইংরেজি অন্তর্ভুক্ত থাকবে।

সকল ক্লাস শেষ হওয়ার পর প্রত্যেক বিষয়ে দুটি করে (১ম ও ২য় পত্র) এবং ইংরেজিতে একটিসহ সর্বমোট ৭(সাত)টি বিষয়ভিত্তিক চূড়ান্ত পরীক্ষা নেওয়া হবে। সর্বশেষ BUET ভর্তি পরীক্ষার অনুরূপ প্রশ্নপত্রে কমপক্ষে ৫(পাঁচ)টি মডেল টেস্ট নেওয়া হবে। সম্পূর্ণ কোচিং এর ব্যতিকাল হবে কমবেশি ৪(চার)মাস। উক্ত পদ্ধতিটি তিনটি Phase- এ বিভক্ত করে omeca তার কোচিং-কে যেভাবে বিন্যস্ত করেছে তার সার সংক্ষেপ নিচে দেওয়া হল :

#### Phase-I : Lecture Class, Daily & Combined Exam

বিষয়	মোট ক্লাসের সংখ্যা (টি)	মোট পরীক্ষার সংখ্যা (টি)	পরীক্ষার ধরন	পরীক্ষার সময় (প্রতিটি)	পরীক্ষার নম্বর (প্রতিটি)	ক্লাসের সময় (প্রতিটি)	সদ্ব্যবস্থা সমাপ্তিকাল
পদার্থবিদ্যা	১০	১০	M.C.Q	১৫ মিঃ	৫০	২ ঘণ্টা	১০ সপ্তাহ
গণিত	১০	১০	M.C.Q	১৫ মিঃ	৫০	২ ঘণ্টা	
রসায়নবিদ্যা	০৯	০৯	M.C.Q	১৫ মিঃ	৫০	২ ঘণ্টা	
সাপ্তাহিক পরীক্ষা (পদার্থ, গণিত, রসায়ন ও ইংরেজি)	X	১০	Written	৫০মিঃ	১৭০	X	
ইংরেজি	০১	সকল সাপ্তাহিক পরীক্ষায় নির্ধারিত সিলেবাস অনুসারে অন্তর্ভুক্ত থাকবে					
সর্বমোট	৩০	৩৯					

#### Phase-II : Subject Final Exam

বিষয়	মোট পরীক্ষার সংখ্যা (টি)	পরীক্ষার নম্বর (প্রতিটি)	সময় (প্রতিটি)	পরীক্ষার ধরন	সদ্ব্যবস্থা সমাপ্তিকাল
পদার্থবিদ্যা ১ম ও ২য় পত্র	০২	৬০০	৩ ঘণ্টা	৫০% নৈব্যক্তিক ও ৫০% লিখিত	২ সপ্তাহ
রসায়নবিদ্যা ১ম ও ২য় পত্র	০২	৬০০	৩ ঘণ্টা		
গণিত ১ম ও ২য় পত্র	০২	৬০০	৩ ঘণ্টা		
ইংরেজি	০১	১০০	৩০ মিঃ		
সর্বমোট	০৭	X	X		



omeca

admission coaching

### Phase-III : Model Test

মডেল টেস্টের সংখ্যা (টি)	বিষয়	পরীক্ষার নম্বর (প্রতিটি)	পরীক্ষার সময় (প্রতিটি)	পরীক্ষার ধরন	সম্ভাব্য সমাপ্তিকাল
০৫	পদার্থ, গণিত, রসায়ন ও ইংরেজি	৬০০	৩ ঘণ্টা	৫০% নৈব্যক্তিক ও ৫০% লিখিত	২ সপ্তাহ

v বিশেষ সুযোগ : আমাদের সর্বাত্মক প্রচেষ্টা ও ছাত্র/ছাত্রীদের আন্তরিক চেষ্টার পরও কিছুসংখ্যক ছাত্র-ছাত্রী BUET-এ অথবা কঙ্কিত বিভাগে ভর্তির সুযোগ পায় না। এছাড়াও কারো কারো উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজাল্ট আশানুরূপ না হওয়াতে BUET-এ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে না, তাদের জন্য omeca-য় রয়েছে বিশেষ সুযোগ। রাজশাহী, খুলনা, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলো মূলত একই ধরনের ভর্তি পরীক্ষা নিয়ে থাকে, তাই BUET কোচিং এ ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রীবৃন্দ উক্ত বিশ্ববিদ্যালয়গুলোর জন্য আয়োজিত সকল প্রোগ্রামে রেজিস্ট্রেশন সাপেক্ষে অংশগ্রহণ করতে পারবে।

v ইংরেজি মাধ্যমের ছাত্র-ছাত্রীদের জন্য : ইংরেজি মাধ্যমের ছাত্র-ছাত্রীদের জন্য ইংরেজিতে অনূদিত Lecture Sheet ও ভর্তি গাইড বই দেয়া হবে। এছাড়াও দৈনিক, সাপ্তাহিক ও সকল পরীক্ষার প্রশ্নপত্র ইংরেজিতে হবে। ক্লাসগুলো ইংরেজিতে পরিচালিত হবে।

v ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার কোচিং এর সাফল্য : ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে omeca-য় কোচিং করে BUET-এ ৮৫২জন ভর্তির সুযোগ পেয়েছিল (বিস্তারিত ফলাফল ১৭ পৃষ্ঠা হতে ৪১ পৃষ্ঠা দ্রষ্টব্য)। এছাড়াও BUET-এ ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ১০মসহ শীর্ষস্থান দখলকারী ছাত্র-ছাত্রীদের ও তাদের অভিভাবিকার মূল্যায়ন (৮ পৃষ্ঠা হতে ১৬ পৃষ্ঠা দ্রষ্টব্য) হতে omeca কোচিং এর মান সম্বন্ধে ধারণা পাওয়া যায়।

#### এক নজরে omeca কোচিং এর বৈশিষ্ট্য

সপ্তাহে তিনদিন ক্লাস ও ১দিন সাপ্তাহিক পরীক্ষা	দৈনিক পরীক্ষা ও Assignment	প্রতি ক্লাসেই Lecture Sheet
সপ্তাহ ক্লাস	Written ও M.C.Q. গাইড বই	Question
Platinum Batch	Cadet-দের জন্য অতিরিক্ত Class	অভিজ্ঞ ও পূর্বকালীন শিক্ষক
কম্পিউটারাইজড Merit List	OMR Machine-এ বাস্তব মূল্যায়ন	মানসম্পন্ন প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ
ইংরেজিতে পরিচালিত ক্লাস ও পরীক্ষা	প্রত্যেক পরীক্ষার ছাপানো Solve Sheet	আবাসিক সুশৃঙ্খলা

v আর্কিটেকচার কোচিং সিস্টেম : এ কোচিং এর জন্য ড্রয়িং এর উপর ৯টি ক্লাস ও সমসংখ্যক পরীক্ষা নেয়া হবে। সাধারণত আর্কিটেকচার কোচিংটি বুয়েট এর স্থাপত্য বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র-ছাত্রী এবং অভিজ্ঞ স্থপতিদের দ্বারা পরিচালিত হয়।

omeca  
admission coaching